

# দাবী এবং আপত্তি বিষয়ক গুরুত্বপূর্ণ ঘোষণা

## আমাদের এন আর সি ন্যায়সংগত এন আর সি



১. দাবী এবং আপত্তি ২৫ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ থেকে গ্রহণ করা হবে।
২. দাবী এবং আপত্তি গ্রহণ প্রক্রিয়া ২৫ সেপ্টেম্বর, ২০১৮ থেকে ২৩ নভেম্বর, ২০১৮ পর্যন্ত ২৫-০৯-১৮ তারিখ ধরে প্রায় ৬০ (ষষ্ঠ) দিনের জন্য অব্যাহত থাকবে।
৩. যেসব আবেদনকারী ৩১ অগস্ট, ২০১৫ তারিখ পর্যন্ত এন আর সি আবেদনপত্র দাখিল করেছিলেন এবং আবেদন প্রাপ্তি নং (এ আর এন) পেয়েছিলেন সেসব আবেদনকারীরাই দাবী দাখিল করতে পারবেন। নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন দাখিল না করা ব্যক্তিগণ দাবী দাখিল করতে পারবেন না।
৪. আপত্তি যে কোন ব্যক্তিই দাখিল করতে পারবেন।
৫. আবেদনকারীকে পূর্বে আবেদন দাখিল করা এন আর সি সেবা কেন্দ্রে দাবী দাখিল করতে হবে। আবেদনপত্র দাখিল করার পর আবেদনকারী বাসস্থান পরিবর্তন করলেও মূল আবেদন দাখিল করা এন এস কেন্দ্রে দাবী দাখিল করতে হবে।
৬. যার বিরক্তে আপত্তি দাখিল করা হবে সেই ব্যক্তির বাসস্থানের এলাকাভূক্ত সংশ্লিষ্ট এন এস কেন্দ্রে আপত্তি দাখিল করতে হবে।
৭. দাবীকর্তা ২০১৫ সনে দাখিল করা মূল এন আর সি আবেদনপত্রের প্রশ্ন ৯a বা প্রশ্ন ১০a বা প্রশ্ন ১১a বা প্রশ্ন ১২ এর বিপরীতে দাখিল করা লিগেসি ব্যক্তির নাম দাবী দাখিলের সময় পরিবর্তন করতে পারবেন না।
৮. ইতিমধ্যে দাখিল করা নথির ভিত্তিতে বা তালিকা A বা তালিকা B ভূক্ত অতিরিক্ত নথির ভিত্তিতে যোগ্যতা পুনঃ বিবেচনার জন্য দাবী দাখিল করা যাবে। তালিকা A থেকে যদি কোন অতিরিক্ত নথি দাখিল করা হয় তাহলে সেইনথি নিম্নলিখিত দশ (১০) টি নথির যেকোন একটি বা ততোধিক হতে হবেঃ
  - I. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা জমির নথি-পত্র যেমন মাটি কেনা-বেচার পঞ্জীয়নভূক্ত দলিল, ভূমিস্থের নথি।
  - II. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত অসমের বাইরের রাজ্য দ্বারা প্রদান করা স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র।
  - III. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত ভারত সরকার দ্বারা প্রদান করা পাসপোর্ট।
  - IV. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা ভারতীয় জীবন বীমা নিগম (এল আই সি আই) বীমা পলিসি।
  - V. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত যে কোন সরকারী কর্তৃপক্ষ দ্বারা প্রদান করা কোন অনুজ্ঞা পত্র / প্রমাণপত্র।
  - VI. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা সরকারী / সরকারী খণ্ডের চাকুরি / নিয়োগের প্রমাণপত্র।
  - VII. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা বেংক / ডাকঘরের একাউন্টসের নথি।

- VIII. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদান করা জন্মের প্রমাণপত্র।
  - IX. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত বোর্ড / বিশ্ববিদ্যালয় দ্বারা প্রদান করা শিক্ষার প্রমাণপত্র।
  - X. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা ন্যায়িক বা রাজস্ব আদালতের নথি / আদালতের প্রসেডিংজনিত নথি।
- তাই, দাবীতে উল্লেখ করার সুবিধার্থে তালিকা A ভূক্ত ১৫ টি নথির সব নথির উল্লেখ আছেযদিও, ওপরে উল্লেখিত শুধু ১০ টি নথিই বর্তমান গ্রহণযোগ্য হবে।
১. বর্তমান তালিকা A ভূক্ত নিম্নলিখিত ৫ টি নথি অতিরিক্ত নথি হিসাবে গ্রহণযোগ্য হবে না কারণ এই বিষয়টি মহামান্য উচ্চতম ন্যায়ালয়ের বিবেচনাধীন হয়ে আছেঃ
    - I. এন আর সি, ১৯৫১;
    - II. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রকাশিত ভোটার তালিকা;
    - III. নাগরিকত্ব প্রমাণপত্র;
    - IV. শরণার্থী পঞ্জীয়ন প্রমাণপত্র;
    - V. রেশন কার্ড
- এই বিষয়ে পরবর্তী শুনানী ২৩ অক্টোবর, ২০১৮ তারিখে ধার্য্য করা হয়েছে।
১০. ডি-ভোটার (DV) বা ঘোষিত বিদেশী (DF) বা বিদেশী ন্যায়াধিকরণে মামলা বিচারাধীন হয়ে থাকা (PFT) ব্যক্তি এবং / বা তাদের পুত্র-কন্যা এবং ন্যায়িক কর্তৃপক্ষ / বিদেশী ন্যায়াধিকরণে ভারতীয় নাগরিক হিসাবে ঘোষণা করা স্বত্তেও খসড়া এন আর সিতে নাম অন্তর্ভুক্ত না হওয়া ব্যক্তিদের সনাক্তকরণ শুল্ক করা সাপেক্ষে অন্তর্ভুক্তির জন্য জানানো দাবীও প্রাপ্ত করা হবে। এক্ষেত্রে পৃথক ফর্ম ব্যবহার করা হবে।
  ১১. দাবীকর্তাদের নতুনকরে পরিবারের বংশলতিকা দাখিল করতে হবেন।
  ১২. দাবী এবং আপত্তি দাখিল করা ব্যক্তিদের এন আর সি কর্তৃপক্ষ দ্বারা প্রাপ্তির রশিদ এবং দাখিল করা নথিসমূহের সংক্ষিপ্ত বিবরণও দেওয়া হবে।
  ১৩. নিম্নলিখিত খালী ফর্মসমূহ এন এস কেসমূহে পাওয়া যাবে বা এন আর সির ওয়েবসাইট [nrcassam.nic.in](http://nrcassam.nic.in) থেকে ডাউনলোডও করা যাবে।
    - I. দাবী ফর্ম
    - II. ডি-ভোটার (DV) বা ঘোষিত বিদেশী (DF) বা বিদেশী ন্যায়াধিকরণে মামলা বিচারাধীন হয়ে থাকা (PFT) ব্যক্তি এবং / বা তাদের পুত্র-কন্যাদের সনাক্তকরণ শুল্ক করা সাপেক্ষে অন্তর্ভুক্তির জন্য জানানো দাবী ফর্ম
    - III. আপত্তি ফর্ম

খালী ফর্মের ফটোকপিও ব্যবহার করা যাবে

রাজ্যিক সমন্বয়ক, এন আর সি,

অসম সরকার

নাগরিক পঞ্জীয়নের মহাপঞ্জীয়ক,  
গৃহ মন্ত্রণালয়, ভারত সরকার

জনহিতার্থে প্রচারিত

বিশদভাবে জানতে  
এবং সহায়তার জন্য

আমাদের ২৪ x ৭ বিনামূল্যের | ১৫১০৭ (অসমের জন্য)  
হেল্পলাইন নম্বরে ফোন করুন | ১৮০০৩৪৫৩৭৬২  
(অসমের বাইরে থেকে)

আমাদের ওয়েবসাইট  
[www.nrcassam.nic.in](http://www.nrcassam.nic.in)

 [nrcassam](#)  [@NRCCupdateAssam](#) এ  
আমাদের অনুসরণ করুন